

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৮২-আইন/২০২৫/৩১০-মুসক।- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। শিরোনাম ও প্রবর্তন।- (১) এই বিধিমালা উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “আইন” অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(খ) “উৎসে কর্তনকারী সত্তা” অর্থ কোনো সরকার বা উহার কোনো মন্ত্রণালয়, বিভাগ, বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, মাধ্যমিক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান, কোনো লিমিটেড কোম্পানি এবং দশ কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;

(গ) “পণ” অর্থ আইনের ধারা ২ এর দফা (৫৯) এ সংজ্ঞায়িত পণ;

(ঘ) “ফরম” অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২ এর দফা (জ) এ সংজ্ঞায়িত ফরম;

(ঙ) “বোর্ড” অর্থ National Board of Revenue Order, 1972 (P. O. No. 76 of 1972) এর অধীন গঠিত জাতীয় রাজস্ব বোর্ড; এবং

(চ) “যোগানদার” অর্থ কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে কোনো উৎসে কর্তনকারী সত্তার নিকট পণের বিনিময়ে আইনের প্রথম তফসিল দ্বারা অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ ব্যতীত অন্য যে কোনো পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইন এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। যেসব ক্ষেত্রে উৎসে মুসক কর্তন করিতে হইবে।— (১) টেন্ডার, চুক্তি, কার্যাদেশ বা অন্যবিধভাবে সরবরাহের ক্ষেত্রে নিম্নের টেবিলে বর্ণিত কলাম (২) এ উল্লিখিত সেবার কোডের বিপরীতে, কলাম (৩) এ বিধৃত সেবার ক্ষেত্রে কলাম (৪) এ উদ্ধৃত হারে মুসক চালানপত্র থাকুক বা না থাকুক আবশ্যিকভাবে উৎসে কর্তনকারী সত্তা কর্তৃক উৎসে মুসক কর্তন করিতে হইবে; যথা:-

#### টেবিল

| ক্রমিক<br>নং | সেবার<br>কোড | সেবার বিবরণ                                                                                                                                                                                                             | মুসক উৎসে<br>কর্তনের হার                                                                                       |
|--------------|--------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------|
| (১)          | (২)          | (৩)                                                                                                                                                                                                                     | (৪)                                                                                                            |
| ০১.          | S০০১.১০      | এসি হোটেল                                                                                                                                                                                                               | ১৫%                                                                                                            |
|              | S০০১.১০      | নন এসি হোটেল                                                                                                                                                                                                            | ১০%                                                                                                            |
|              | S০০১.২০      | রেষ্টোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেষ্টুরেন্ট, মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেষ্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেষ্টুরেন্ট ব্যতীত) | ৫%                                                                                                             |
| ০২.          | S০০২.০০      | ডেকোরেটর্স ও ক্যাটারার্স                                                                                                                                                                                                | ১৫%                                                                                                            |
| ০৩.          | S০০৩.১০      | মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ                                                                                                                                                                                         | ১০%                                                                                                            |
| ০৪.          | S০০৩.২০      | ডকইয়ার্ড                                                                                                                                                                                                               | ১৫%                                                                                                            |
| ০৫.          | S০০৪.০০      | নির্মাণ সংস্থা                                                                                                                                                                                                          | ১০%                                                                                                            |
| ০৬.          | S০০৭.০০      | বিজ্ঞাপনী সংস্থা                                                                                                                                                                                                        | ১৫%                                                                                                            |
| ০৭.          | S০০৮.১০      | ছাপাখানা                                                                                                                                                                                                                | ১৫%                                                                                                            |
| ০৮.          | S০০৯.০০      | নিলামকারী সংস্থা                                                                                                                                                                                                        | ১৫%                                                                                                            |
| ০৯.          | S০১০.১০      | ভূমি উন্নয়ন সংস্থা                                                                                                                                                                                                     | ২%                                                                                                             |
| ১০.          | S০১০.২০      | ভবন নির্মাণ সংস্থা                                                                                                                                                                                                      | ক) ১-১৬০০ বর্গফুট পর্যন্ত<br>খ) ১৬০১ বর্গফুট হইতে তদূর্ধ্ব<br>গ) যে কোন সাইজের পুনঃ<br>রেজিস্ট্রেশনের ক্ষেত্রে |
|              |              |                                                                                                                                                                                                                         | ২%                                                                                                             |
|              |              |                                                                                                                                                                                                                         | ৪.৫%                                                                                                           |
|              |              |                                                                                                                                                                                                                         | ২%                                                                                                             |
| ১১.          | S০১৪.০০      | ইন্ডেন্টিং সংস্থা                                                                                                                                                                                                       | ১৫%                                                                                                            |
| ১২.          | S০১৫.১০      | ফ্রেইট ফরোয়ার্ডার্স                                                                                                                                                                                                    | ১৫%                                                                                                            |
| ১৩.          | S০১৭.০০      | কমিউনিটি সেন্টার                                                                                                                                                                                                        | ১৫%                                                                                                            |
| ১৪.          | S০২০.০০      | জরিপ সংস্থা                                                                                                                                                                                                             | ১৫%                                                                                                            |
| ১৫.          | S০২১.০০      | প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা                                                                                                                                                                  | ১৫%                                                                                                            |
| ১৬.          | S০২৪.০০      | আসবাবপত্রের<br>বিপণন কেন্দ্র                                                                                                                                                                                            | (ক) আসবাবপত্রের উৎপাদক<br>(উৎপাদক কারখানা হইতে সরাসরি<br>ভোক্তার নিকট সরবরাহ করিলে<br>মুসক হার ১৫%)            |
|              |              |                                                                                                                                                                                                                         | ৭.৫%                                                                                                           |